# এইচ এস সি বাংলা ব্যকরণ

## অধ্যায় ৩: বাংলা বানান ও শব্দের শুদ্ধ প্রয়োগ (২০০০ থেকে ২০১৮ পর্যন্ত)

স্বাভাবিকভাবে একটি ভাষার শৃঙ্খলা রক্ষার জন্য শব্দের শুদ্ধ বানান গুরুত্বপূর্ণ বিষয়। শব্দের শুদ্ধ বানান ভাষাকে গতিশীল ও জীবন্ত করে।

**প্রশ্ন : বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো।** [কু. ১৭, রা. ১৭, ব. ১৭, ব. ০৮, সি. ০৭]

**অথবা, আধুনিক বাংলা বানানের ছয়টি নিয়ম উদাহরণসহ লেখো।** [ব. ০৯; কু. ১০; সি. ১০]

**উত্তর :** স্বাধীনতা-উত্তর বাংলা একাডেমি বাংলা বানান সংস্কারে অসামান্য সাহসী ভূমিকা রেখেছিল। বাংলা একাডেমি ১৯৯২ সালে একটি বিশেষজ্ঞ কমিটি দ্বারা বাংলা বানানের নীতি প্রণয়ন করে এবং 'বাংলা বানান' শীর্ষক একটি গ্রন্থ ১৯৯৪ সালে প্রকাশ করে। বাংলা একাডেমি দেশের সকল লেখক, বুদ্ধিজীবী, সাংবাদিক, শিক্ষক, সরকারি, বে-সরকারি প্রতিষ্ঠানকে এই বানান ব্যবহারের আহ্বান জানায়। বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানের ছয়টি নিয়ম নিম্নে উল্লেখ করা হলো :

(ক) তৎসম অর্থাৎ বাংলা ভাষায় ব্যবহৃত অবিকৃত সংস্কৃত শব্দের বানান যথাযথ ও অপরিবর্তিত থাকবে।
যেমন : চন্দ্র, সূর্য, নক্ষত্র, ধর্ম ইত্যাদি।

(খ) রেফ ( র্ ) এর-পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হবে না।
যেমন : কার্য, কর্ম, কর্দম, অর্জন, অর্চনা ইত্যাদি।

(গ) 'আলি' প্রত্যয়যুক্ত শব্দে 'ই' কার ব্যবহৃত হবে।
যেমন : সোনালি, মিতালি, বর্ণালি ইত্যাদি।

(ঘ) শব্দের শেষে বিসর্গ ব্যবহৃত হবে না।
যেমন : কার্যত, মূলত, প্রধানত, বস্তুত, সাধারণত ইত্যাদি।

(ঙ) 'আনো' প্রত্যয়ান্ত শব্দের শেষে ( ো ) -কার ব্যবহৃত হবে।
যেমন : করানো, বলানো, খাওয়ানো, পাঠানো, দেখানো, বুঝানো ইত্যাদি।

(চ) হস ( ্ ) চিহ্ন যথাসম্ভব বর্জন করতে হবে।
যেমন : কলকল, ফটফট, ঝরঝর, চেক, মদ ইত্যাদি।

**প্রশ্ন : বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের আধুনিক নিয়ম অনুসারে অ-তৎসম শব্দের যে কোনো পাঁচটি বানান সূত্র উদাহরণসহ লেখো।** [রা. ১৬, সি. ১৭]

**উত্তর :** নিচে বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের আধুনিক নিয়ম অনুসারে অ-তৎসম শব্দের যে কোনো পাঁচটি বানান সূত্র উল্লেখ করা হলো :

১. সকল অ-তৎসম অর্থাৎ তদ্ভব, দেশি, বিদেশি মিশ্র শব্দে কেবল ই এবং উ এবং এদের-কার চিহ্ন ি ু ব্যবহৃত হবে। এমনকি স্ত্রীবাচক ও জাতিবাচক ইত্যাদি শব্দের ক্ষেত্রেও এই নিয়ম প্রযোজ্য হবে। যেমন– গাড়ি, চুরি, দাড়ি, বাড়ি, ভারি, শাড়ি, তরকারি, বোমাবাজি, দাবি, হাতি, বেশি, খুশি, হিজরি, আরবি।

২. –আলি প্রত্যয়যুক্ত শব্দে ই-কার হবে। যেমন : খেয়ালি, বর্ণালি, মিতালি, সোনালি, হেঁয়ালি।

৩. তদ্ভব, দেশি, বিদেশি, মিশ্র কোনো শব্দের বানানে ণত্ব-বিধি মানা হবে না অর্থাৎ ণ ব্যবহার করা হবে না। যেমন : অঘ্রান, ইরান, কান, কোরান, গুনতি, গোনা, ঝরনা, ধরন, পরান, সোনা, হর্ন।

https://teachingbd24.com

৪. আরবি–ফারসি শব্দে 'সে', 'সিন', 'সোয়াদ' বর্ণগুলির প্রতিবর্ণরূপে স, এবং 'শিন্'-এর প্রতিবর্ণ-রূপ শ ব্যবহৃত হবে। যেমন : সালাম, তসলিম, ইসলাম, মুসলিম, মুসলমান, সালাত, এশা, শাবান।

৫. বাংলায় প্রচলিত বিদেশি শব্দ সাধারণভাবে বাংলা ভাষার ধ্বনিপদ্ধতি-অনুযায়ী লিখতে হবে। যেমন : কাগজ, জাহাজ, হুকুম, হাসপাতাল, টেবিল, পুলিশ, ফিরিস্তি, হাজার, বাজার, জুলুম, জেব্রা।

**প্রশ্ন : বাংলা বানানে ই-কার ( ি ) ব্যবহারের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো।** [সি. ১৬, দি. ১৬, ১৭]

**উত্তর :** নিচে বাংলা বানানে ই-কার ব্যবহারের পাঁচটি নিয়ম উল্লেখ করা হলো :

১. যেসব তৎসম শব্দে ই, ঈ-কার শুদ্ধ সেসব শব্দে ই-কার হবে। যেমন : কিংবদন্তি, পদবি, ধমনি, শ্রেণি ইত্যাদি।

২. সকল অতৎসম শব্দে ই-কার হবে। যেমন : খুশি, পাখি, শাড়ি ইত্যাদি।

৩. –আলি প্রত্যয়যুক্ত শব্দে ই-কার হবে। যেমন– খেয়ালি, বর্ণালি, মিতালি, সোনালি, হেঁয়ালি।

৪. অব্যয় পদরূপে ই-কার দিয়ে কি শব্দটি লেখা হবে। যেমন : তুমিও কি যাবে? সে কি এসেছিল? কি বাংলা কি ইংরেজি উভয় ভাষায় তিনি পারদর্শী।

৫. পদাশ্রিত নির্দেশক টি-তে ই-কার হবে। যেমন : ছেলেটি, লোকটি, বইটি।

৬. ভাষা ও জাতিবাচক নামে ই-কার বসবে। যেমন : ইরানি, জাপানি, ইংরেজি ইত্যাদি।

**প্রশ্ন : বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে ই, উ, ক্ষ, শ এবং রেফ ( ´ ) ব্যবহারের নিয়ম উদাহরণসহ লেখো।** [সকল বো. ১৮]

**উত্তর :**

ই = সকল অ–তৎসম শব্দে ই–কার ব্যবহৃত হবে। যেমন– খুশি, চাষি ইত্যাদি।

উ = অ–তৎসম শব্দে উ–কার বসবে। যেমন– কুমির, মূলা ইত্যাদি।

ক্ষ = অ তৎসম শব্দে ক্ষ লেখা হয়। যেমন– ক্ষিপ্ত, ক্ষুর ইত্যাদি।

শ = ইংরেজি ও ইংরেজির মাধ্যমে আগত বিদেশি প্রভৃতি বর্ণগুচ্ছ বা ধ্বনির জন্য শ ব্যবহৃত হবে। যেমন– স্টেশন, স্টোর ইত্যাদি।

( ´ ) = ) (রেফ–এর ব্যঞ্জন বর্ণের দ্বিত্ব হবে না। যেমন–অর্জন, কার্য ইত্যাদি।

## বানান শুদ্ধিকরণ
## ২০০০ হইতে ২০১৮ সাল পর্যন্ত

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| শ্রদ্ধাঞ্জলী | শ্রদ্ধাঞ্জলি *[কু. ১৬, ০৪, ১৪; য. ০৩; ঢা. ১৬, ১৪, ০১, রা. ০৭; সি. ০৪, ১০; চ. ১১, দি. ১৪]* | সম্বর্দ্ধনা | সংবর্ধনা *[কু. ০৩, ০৬; য. ০১; দি. ১৭, ১৬, ঢা.১৫, ০৮, ১১, ১৪; রা. ০৭, ০৯, চ. ১৭]* |
| শিরঃচ্ছদ | শিরশ্ছেদ *[ঢা. ১৬, ১৫, কু. ১৫, ০৪; য. ০৬, ০৯, ১৪; চ. ১৭, ১১, দি. ১৭, ১৫, ১২; সি. ১৩]* | মনোপুত | মনঃপূত *[কু. ০৪; সি. ১৩, ০৬; ঢা. ১০; য. ১০. রা. ১৫]* |
| আকাংখা | আকাঙ্ক্ষা *[সি. ১৬, য. ১৬, ০৪, ১৪; রা.১৬, ০৩, ০৫; ঢা.১৫, ০১, ১০; কু. ১৭, ১৬, ০৯, ১১; চ. ০৬, দি. ১৫, র. ১৬, ১৭, ১৫]* | ইতিমধ্যে | ইতোমধ্যে *[কু. চ. ব. ০১, ০৪, ০৯; কু. ০৬;, ১৪; ঢা. ১১, ১৪; চ. ১১, দি. ১৭, ১২; সি. ১৩, ১৪. ব. ১৫] সকল বো. ১৮* |
| আত্বস্ত | আত্মস্থ *[য. ০৭]* | ইতিপূর্বে | ইতিঃপূর্বে [রা. ১৬] |
| বুদ্ধিজীবি | বুদ্ধিজীবী *[রা. ১৭, দি. ১৭, কু. ১৭, চ. সি. ০৪. ১০, ঢা. ১৬]* | দ্বন্ধ | দ্বন্দ্ব *[য. ০৭]* |

https://teachingbd24.com

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| মুহুর্ত | মুহূর্ত [সি. য. ০৪; ঢা. ০১. ১০; কু. ০১; ০৯; সি. ০৬; রা. ১৩, ০৫. দি. ১২; চ. ১৩] | মন্ত্রীত্ব | মন্ত্রিত্ব [চ. ০৪, দি. ১২] |
| সম্বলিত | সংবলিত [য. ০৩; ঢা. ০৩] | প্রাণীবিদ্যা | প্রাণিবিদ্যা [চ. ১৭, ০৪, ০৬; কু. ০৩. ০৬. ব. ০১. ০৬. ১০; সি. ০৭. ঢা. ০৯; দি. ১৪. ব. ১৫] |
| প্রতিদ্বন্দ্বীতা | প্রতিদ্বন্দ্বিতা [চ. ০৪, য. ১৫] | প্রাণীজগত | প্রাণিজগৎ [সি. ০৯; চ. ১৪] |
| ষ্টোর | স্টোর [দি. ১২] | বৈয়াকরণিক | বৈয়াকরণ [চ. ০৪] |
| আশীষ | আশিস [দি. ১৬] | মন্ত্রীসভা | মন্ত্রিসভা [ব. ০১; সি. ০৪, ০৬, ১০] |
| কৃত্তিবাস | কৃত্তিবাস [সি. ০৪, চ. ১৬] | পানিনি | পাণিনি [কু. ০১; ঢা. ১৭, ব. ১৭, ১৪, রা. ১৫, চ. ১৬] |
| অধ্যাবসায় | অধ্যবসায় | ভূবনভুলানো | ভুবনভুলানো [কু. ০১] |
| সূচীপত্র | সূচিপত্র [চ. ০৪] | মনযোগ | মনোযোগ [সি. ০৪] |
| গ্রামীন | গ্রামীণ [সি. ০৪] | আইনজীবি | আইনজীবী [য. ০৪, ০৭; চ. ০৭, ১১; সি. ১৪; দি. ১৪; সকল বো. ১৮] |
| প্রনয়ন | প্রণয়ন [য. ১৫, ০৪; কু. ০১. রা. ১৫] | মরিচিকা | মরীচিকা [য. ০৪, ১০; দি. ১৬, ১১] |
| মনিষী | মনীষী [য. ব. ০৭. চ, ১১. সি. ১২, ১৪; ঢা. ১৭, ১৪] | লজ্জাস্কর | লজ্জাকর [য. ০৪. ১০. দি. ১১; রা. ১৪; কু. ১৭, ১৪] |
| মনযোগ | মনোযোগ [দি. ১৬] | বহিঃস্কার | বহিষ্কার [সি. ১৬] |
| সন্যাসী | সন্ন্যাসী [য. ০৪; ০১; রা. ১৫,০৭, ১৪; দি. ১০] | স্বরস্বতী | সরস্বতী [রা.১৭, ১৫,০৯.,১৬, ১৪; ব. ১৭, চ. ২৭, ১৩, ১১] |
| অত্যান্ত | অত্যন্ত [কু. ০৩. ০৬; য. ১৬, ১০] | সম্বাদ | সংবাদ [রা. ০৯; চ. ০১১] |
| মনোমোহন | মনমোহন [কু. ০৩; রা. ০৭; ঢা. ০৯; য. ১০] | আষার | আষাঢ় [কু. ০৩] |
| ব্যায় | ব্যয় [কু. ০৩. ০৬] | সন্ধিহান | সন্দিহান [রা. ০৩; কু. ০৯] |
| অপরাহ্ন | অপরাহ্ণ [রা. ০৩; ঢা. ০১; য.১৫, ১৭, ০৬, ১০; ঢা. কু. ১৬, ১৩, ০৪, ০৯; সি. ১৩, ১১, দি. ১৫] | মূমুর্ষু | মুমূর্ষু [য. ১৭, ০৫, ০৭; ঢা. ০৮, ১১. চ. ১৭, সি. ১২, ১৪; রা. ১৪; ব. ১৭, ১৫, ১৪] |
| সমিচীন | সমীচীন [য. ০৩, ০৯, ১৪; কু. ১৭, ০১; চ. ০৭; রা. ০৫. ০৭, ১৪; ঢা. ০৮. ১১, ১৪; সি. ০৭. ১০. ১১; দি. ১৫,১১, ব. ১৭; সকল বো. ১৮] | সুষ্ঠ/সুষ্ট | সুষ্ঠু [য. ০৩; রা. ০৫; ঢা. ০৯. ১১; চ. ০৭; দি. ১০; ১২; কু. ১৪. ব. ১৫] |
| কৌতুহল | কৌতূহল [য. ০৩] | শষ্য | শস্য [ঢা. কু. ০১] |
| ছাত্রছাত্রীগণ | ছাত্রছাত্রী [য. ০৩] | ভূবন | ভুবন [ঢা. ০১; চ. ০৬; ব. ০৭; ব. ০৮; সি. ১২; চ. ১৩] |
| অধীনস্থ | অধীন | বৃৎপত্তি | ব্যুৎপত্তি [দি. ১৬] |
| গীতাঞ্জলী | গীতাঞ্জলি [য. ১৭, ১৬, ০১; কু. ০৬. ০৯; চ. ১৩, ০৭; ঢা. ০৮, ১০; দি. ১০; ১২; রা. ১৪, সি. ১৬] | প্রতিযোগীতা | প্রতিযোগিতা [ব. ১৬, ০৪, ০৩, ০৬; চ. ০৭; কু. ০৯; সি. ০৪, ১০; দি ১০. ঢা. ১৫, ব. ১৫. রা/ ১৭] |

https://teachingbd24.com

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| শীকার | শিকার [কু. ০১] | ব্রাহ্মণ | ব্রাহ্মণ [কু. ০১; চ. ০৬; সি. ১১, দি. ১৫, ব. ১৬] |
| অতিথী | অতিথি [কু. ০১] | ফটোষ্ট্যাট | ফটোস্ট্যাট [কু. ০১; দি. ১৪. রা/ ১৭] |
| শান্তনা | সান্ত্বনা [কু. ১৭, ১৫,০১, ১৪; য. ১৭, ০৬. ০৯; চ. ০৬. ১১; সি. ১৩, ০৭. ১১; ঢা. ১৬, ০৮. ০৯. ১১; ব. ১৭, ০৭. ১০, ১৪; দি. ১৭, ১২, ১৪,১৫. রা. ১৫] | দূরাবস্থা | দুরবস্থা [ক. ১৩, ০৪; রা. ০৫; চ. সি. ১৭, ০৭. ১০. য. ১০] |
| পিপিলিকা | পিপীলিকা [কু. ১৬, ০১; রা. ০৯, ১৪; ব. ১০; চ. ১১; দি. ১৬, ১১, ১৩] ঢা. ১৭, ১৪; সি. ১৬, ১৪] | মনকস্ট | মনঃকস্ট [কু. ১৬, ১৩, ০১; চ. ০৬; য. ০৯; সি. ১১; ব. ১৪. ঢা. ১৫, রা. ১৬] |
| বিভিষিকা | বিভীষিকা [রা. ০৫, সি. ০৬; ঢা. য. ০৯; ব. ১৬,১০; দি. ১১] | পুরষ্কার | পুরস্কার [রা. ১৩; ঢা. ১০; দি. ১৪, কু. ১৭] |
| শারিরীক | শারীরিক [য. ০৫, ০৭; সি. ১৪, চ. ১৭] | দৈন্যতা | দৈন্য/দীনতা [য. ১৭, ০৫. ব. ০৬. ০৭. ০৯, ১৪; ব. ১০; সি. ১৩; রা. ১৫,১৩. ঢা. ১৫, দি. ১৭] |
| শ্বাশত | শাশ্বত [দি. ১৬] | কৃতীত্ব | কৃতিত্ব [রা. ১৬] |
| শুশ্রুষা | শুশ্রূষা [[illegible]০৫. ০৭. ০৯; দি.,১৫. কু. ০৬; সি. ১১. ঢা. ১৫] | কার্য্যালয় | কার্যালয় [রা. ০৭; ঢা. ০৮; রা. ০৯; ব. ১০] |
| নুপুর | নূপুর [য. ০৫; সি. ১৩] | মুখস্ত | মুখস্থ [য. ০৫; সি. ১৩, ০৬; দি. ১৩; চ. ১৪] |
| স্বস্ত্রীক | সস্ত্রীক [কু. ০৬; সি. ০৯, ব. ১৫] | উজ্জল | উজ্জ্বল [য. ০৫; ঢা. ১০; সি. ১৪. ব. ১৫] |
| সধর্মচ্যুত | স্বধর্মচ্যুত [ব. ০৮] | সমিপবর্তিনি | সমীপবর্তিনী [ব. ০৮] |
| নিশিথিনি | নিশীথিনী [১৬, ব. ০৮] | সমিরন | সমীরণ [ব. ০৮. রা, ১৫] |
| সন্ধ্যাপ্রদ্বীপ | সন্ধ্যাপ্রদীপ [ব. ০৮] | পিরীত | পিরিত [ব. ০৮] |
| নিক্কন | নিক্বণ [য. ০৬] | কুজ্জটিকা | কুজ্ঝটিকা [য. ০৬] |
| উপরোক্ত | উপর্যুক্ত [য.১৫, ০৬; ঢা. ০৯; ব. ১০; কু. ১৩, সি. ১৭] | প্রোজ্জলন | প্রোজ্জ্বল/প্রজ্বলন [চ. ০৬, কু. ১৫] |
| সন্নাসী | সন্ন্যাসী [চ. ০৬, য. ১৭] | পোষ্টমাষ্টার | পোস্টমাস্টার [সি. ০৭. ১০; ঢা.১৬, ০৮; রা. ০৯, চ. ১৭, ব. ১৭; সকল বো. ১৮] |
| ঐক্যতান | ঐকতান [চ. ১৭, ০৭; ঢা. ০৯; রা. ১৪; ব. ১৪, ১৬] | সহযোগীতা | সহযোগিতা [রা. ০৭; চ. ১১; কু. ১৪] |
| কথপোকথন | কথোপকথন [দি. ১৬, ১৭] | কলংকিত | কলঙ্কিত [য. ০৭] |
| ডাষ্টবিন | ডাস্টবিন [য. ০৭] | দুষিত | দূষিত [য. ০৭; দি. ১৩] |
| ব্যাতিত | ব্যতীত [য. ০৭; ঢা. ১০; দি. ১১] | পরজীবি | পরজীবী [য. ০৭] |
| নূন্যতম | ন্যূনতম [কু. ১৫, য. ০৭, ১৪; সি. ১১; ব. ১৭, ১৬, ১৪, ঢা. ১৭, ১৬] | বিদুষি | বিদুষী [ব. ০৭; সকল বো. ১৮] |

https://teachingbd24.com

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ভ্রাতাগণ | ভ্রাতৃবৃন্দ [রা. ০৯] | বাল্মিকী | বাল্মীকি [রা. ০৯; ব. ১৪, য. ১৭, সি. ১৭] |
| উচ্ছাস | উচ্ছ্বাস [রা. ০৭, ০৫; কু. সি. ০৯; ঢা. ১১, য.১৬; সকল বো. ১৮] | উচীৎ | উচিত [কু. ০৯, য. ১৫] |
| পৈত্রিক | পৈতৃক [চ. ১৭, সি. ০৯; য. ১৫, ১৪, রা. ১৬; কু. ১৭] | পরিস্কার | পরিষ্কার [সি. ০৯] |
| ক্ষতিগ্রস্থ | ক্ষতিগ্রস্ত [সি. ০৯] | ভৌগলিক | ভৌগোলিক [ঢা. ১০, ১৪. দি. ১২, ১৪, ব. ১৬, চ. ১৭] |
| তোরন | তোরণ [য. ১০; রা. ১৫] | প্রোজ্বলন | প্রোজ্জ্বল/প্রজ্বলন [কু. ১৬] |
| স্টেডিয়াম | স্টেডিয়াম [ব. ১০], য. ১৭] | প্রাতঃরাশ | প্রাতরাশ [ব. ১০] |
| দুর্বিসহ | দুর্বিষহ [সি. ১০] | দুষণীয় | দূষণীয় [সি. ১০] |
| নিরব | নীরব [দি. ১০] | আগমনি | আগমনী [দি. ১১] |
| শ্রমজীবি | শ্রমজীবী [দি. ১১] | স্বামীগৃহ | স্বামিগৃহ [দি. ১১; ব. ১৪. য. ১৫] |
| প্রতিদ্বন্দ্বি | প্রতিদ্বন্দ্বী [কু. ১৬] | সুস্বাগত | স্বাগত [ঢা. ১৭] |
| প্রত্যুশ | প্রত্যুষ [দি. ১৭] | মহত্ব | মহত্ত্ব [ঢা. ১৭] |
| স্নেহাশীষ | স্নেহাশিস [কু. ১৩, ১৭, ঢা. ১১] | বাংগালী | বাঙালি [রা. ১৭] |
| প্রনয়িনী | প্রণয়িনী [রা. ১৭, ১৩] | মুহুর্মুহু | মুহুর্মুহু [সি. ১৭] |
| জৈস্ট | জ্যৈষ্ঠ [ঢা. ১৭] | ননদী | ননদ/ননদি [ঢা. ১৭] |
| দুঃস্ত | দুস্থ [রা. ১৭] | জাজ্জল্যমান | জাজ্বল্যমান [সি. ১৭] |
| আবিস্কার | আবিষ্কার [রা. ১৭, ১৪] | রেজিস্ট্রেশন | রেজিস্ট্রেশন [সি. ১৭] |
| মূর্চ্ছনা | মূর্ছনা [সকল বো. ১৮] | স্বত্তা | সত্তা (সকল বো. ১৮) |

## শব্দের শুদ্ধ প্রয়োগ (পাঠ্য বই থেকে)

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|
| অনসুয়া | অনসূয়া [সি.১৬] | কির্তণ | কীর্তন | দির্ঘ | দীর্ঘ |
| অরন্য | অরণ্য | কাধ | কাঁধ | দুর্বুধ | দুর্বোধ |
| অলঙ্ঘনিয় | অলঙ্ঘনীয় | কির্তী | কীর্তি | ধ্যানি | ধ্যানী |
| অনির্বচনিয় | অনির্বচনীয় | কুটনৈতিক | কূটনৈতিক | ধ্বনিত্ব | ধ্বনিতত্ত্ব |
| অভিলাস | অভিলাষ | কিনাজ্ক | কিণাঙ্ক (কড়া) | নিরীক্ষন | নিরীক্ষণ |
| অর্ধাঙ্গী | অর্ধাঙ্গী | কুপমন্ডুক | কূপমণ্ডূক | নির্ভিক | নির্ভীক |
| অনুগামিনি | অনুগামিনী | কল্যানী | কল্যাণী | নিতীপরায়ন | নীতিপরায়ণ |
| অন্তপুর | অন্তঃপুর | ক্ষিণজীবী | ক্ষীণজীবী | নৈপূণ্য | নৈপুণ্য |
| অশথ | অশ্বত্থ | খান্ত | ক্ষান্ত | নভমন্ডল | নভোমণ্ডল |
| তরুন | তরুণ | খুটি | খুঁটি | নিস্প্রভ | নিষ্প্রভ |
| অগ্নিমান্দ | অগ্নিমান্দ্য | ক্ষণজিবিণী | ক্ষণজীবিনী | নিহারীকা | নিহারিকা |

বা. ভা. শি. (সাজেশন)—২(ক)

https://teachingbd24.com

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|
| অদৃশ | অদৃশ্য | ক্ষুদ্ব | ক্ষুব্ধ | নিশিথীনি | নিশীথিনী |
| অরুন | অরুণ | ক্ষীন | ক্ষীণ | নিস্পলক | নিষ্পলক |
| অকস্মাত | অকস্মাৎ | ক্ষুদা | ক্ষুধা | নিলাভ | নীলাভ |
| অনির্বান | অনির্বাণ | গ্রীস্ম | গ্রীষ্ম | নিশেষ | নিঃশেষ |
| অন্তর্লিন | অন্তর্লীন | জ্ঞানভুষিত | জ্ঞানভূষিত | নিশ্রাব | নিঃস্রাব |
| অধির | অধীর | গাঙ | গাং | নিসহায় | নিঃসহায় |
| অগ্রনী | অগ্রণী | গনডি | গণ্ডি | নিরব | নীরব |
| অবরেন্যে | অবরেণ্যে | গুঢ় | গূঢ় | প্রগাড় | প্রগাঢ় |
| আবরন | আবরণ | গোস্টি | গোষ্ঠী | পরিত্রান | পরিত্রাণ |
| আরোহন | আরোহণ | গৃহস্থালী | গৃহস্থালি | প্রতক্ষ | প্রত্যক্ষ |
| আবির্বাভ | আবির্ভাব | গিতা | গীতা | প্রসবন | প্রস্রবণ |
| আমন্ত্রন | আমন্ত্রণ | ঘনিস্ট | ঘনিষ্ঠ | প্রনালি | প্রণালি |
| আক্রমন | আক্রমণ | জ্যোতিসশাস্ত্র | জ্যোতিষশাস্ত্র | পরিমান | পরিমাণ |
| আর্টিষ্ট | আর্টিস্ট | জির্ণ | জীর্ণ | প্রাচিন | প্রাচীন |
| আবিস্কার | আবিষ্কার [illegible] ১৪/ | জির্ণাবরণ | জীর্ণাবরণ | পুজা | পূজা |
| আঁকাবাকা | আঁকাবাঁকা | জলোচ্ছাস | জলোচ্ছ্বাস | পূন্যতির্থ | পুণ্যতীর্থ |
| আন্তঃর্জাতিক | আন্তর্জাতিক | জ্যোতিস্ক | জ্যোতিষ্ক | প্রণয়ীনি | প্রণয়িনী–[রা. ১৩] |
| আত্মনীর্ভরতা | আত্মনির্ভরতা | জলন্ত | জ্বলন্ত | পর্যবেক্ষন | পর্যবেক্ষণ |
| আবিড় | আবির | ঝর | ঝড় | পরিক্রমন | পরিক্রমণ |
| আসিশ | আশিস | তপসী | তপস্বী | পিড়ীত | পীড়িত |
| ইদুর | ইঁদুর | তরা | ত্বরা | পাষান | পাষাণ |
| ঈষত | ঈষৎ | তত্ত | তত্ত্ব | পরিপক্কতা | পরিপক্বতা |
| উত্তির্ণ | উত্তীর্ণ | তিক্ষ | তীক্ষ্ণ | প্রতিক | প্রতীক |
| উতকণ্ঠিত | উৎকণ্ঠিত | তারন্য | তারুণ্য | প্লাকার্ড | প্ল্যাকার্ড |
| উচিয়ে | উঁচিয়ে | তাত্তিক | তাত্ত্বিক | পুর্ণবাসন | পুনর্বাসন |
| উদ্বাসতু | উদ্বাস্তু | তেজক্রিয় | তেজস্ক্রিয় | পরাধিন | পরাধীন |
| উচ্ছাস | উচ্ছ্বাস [রা. ০৫] | তিব্র | তীব্র | প্যুণহ | পুণ্যাহ |
| উত্তরি | উত্তরী | দুস্মন্ত | দুষ্মন্ত | পার্বন | পার্বণ- |
| উনবিংশ | ঊনবিংশ | দির্ঘায়ু | দীর্ঘায়ু | পরজীবি | পরজীবী |
| উর্ধ্ব | ঊর্ধ্ব [সি. ১৬] | দ্রবিভূত | দ্রবীভূত | ফারসী | ফারসি |
| বৃদ্দি | বৃদ্ধি | দুর্নিতীজ্ঞ | দুর্নীতিজ্ঞ | বিদ্বেস | বিদ্বেষ |
| একেবেকে | এঁকেবেঁকে | দুরুহ | দুরূহ | বন্দিনি | বন্দিনী |
| কণ্য | কণ্ব | দিধা | দ্বিধা | বাষ্পীভুত | বাষ্পীভূত |
| ক্রিড়া | ক্রীড়া | দুর্বিক্ষ | দুর্ভিক্ষ | ব্যাথ্যা | ব্যথা |
| কৌতূক | কৌতুক | দুর্যুগ | দুর্যোগ | কোষ্টি | কোষ্ঠী |

https://teachingbd24.com

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

পাঠ্যপুস্তক ভবন
৬৯–৭০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা–১০০০

**জাতীয় শিক্ষাক্রম ২০১২ অনুযায়ী একাদশ–দ্বাদশ শ্রেণির বাংলা ২য় পত্রের প্রশ্নপত্র প্রণয়নের জন্য নির্দেশনা (উচ্চ মাধ্যমিক পরীক্ষা ২০১৬ থেকে প্রযোজ্য)।**

| ব্যাকরণ : ৩০ নম্বর | নম্বর বিভাজন |
|---|---|
| ১। উচ্চারণের যে কোনো ৫টি নিয়ম লিখতে হবে।<br>এর বিকল্পে ৮টি শব্দের মধ্যে ৫টি শব্দের উচ্চারণ লিখতে হবে। | ৫ নম্বর |
| ২। বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানরীতির যে কোনো ৫টি নিয়ম লিখতে হবে।<br>এর বিকল্পে ৮টি ভুল বানানের শব্দকে শুদ্ধ বানানে লিখতে হবে। | ৫ নম্বর |
| ৩। বিভিন্ন শব্দশ্রেণি (বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, ক্রিয়া, ক্রিয়া বিশেষণ, আবেগ শব্দ, যোজক, অনুসর্গ) থেকে একটি বর্ণনামূলক প্রশ্নের উত্তর দিতে হবে। বিকল্পে প্রদত্ত অনুচ্ছেদ থেকে একটি নির্দিষ্ট শব্দশ্রেণি চিহ্নিত করতে হবে। | ৫ নম্বর |
| ৪। উপসর্গ, প্রত্যয় ও সমাসের মধ্যে যে কোনো ২টি পাঠ হতে প্রশ্ন থাকবে এবং ১টির উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নেই ৮টির মধ্যে ৫টির উত্তর দিতে হবে। | ৫ নম্বর |
| ৫। বাক্যতত্ত্ব অংশ থেকে একটি বর্ণনামূলক প্রশ্নের উত্তর দিতে হবে।<br>এর বিকল্পে ৮টি বাক্যের মধ্যে ৫টির বাক্যান্তর করতে হবে। | ৫ নম্বর |
| ৬। ৮টি অশুদ্ধ বাক্যের মধ্যে ৫টিকে শুদ্ধ করতে হবে।<br>এর বিকল্পে একটি অনুচ্ছেদে বিদ্যমান অপপ্রয়োগসমূহ শুদ্ধ করতে হবে। | ৫ নম্বর |
| **নির্মিতি : ৭০ নম্বর** | |
| ১। ১৫টি বিদেশি শব্দের মধ্যে ১০টির বাংলা পারিভাষিক রূপ লিখতে হবে।<br>এর বিকল্পে ১টি ইংরেজি ভাষার অনুচ্ছেদকে বাংলা ভাষায় অনুবাদ করতে হবে। | ১০ নম্বর |
| ২। ঘটনাসমৃদ্ধ পুরো ১টি দিনকে অবলম্বন করে ১টি দিনলিপি রচনা করতে হবে অথবা কোনো ১টি সুনির্দিষ্ট বিষয়ে (দিবস উদযাপন, ঐতিহাসিক স্থান পরিদর্শক ইত্যাদি) অভিজ্ঞতা বর্ণনা করতে হবে। এর বিকল্পে ১টি ভাষণ বা প্রতিবেদন লিখতে হবে। | ১০ নম্বর |
| ৩। একটি বিশেষ উৎসব বা উপলক্ষ (ঈদ, নববর্ষ ইত্যাদি) অবলম্বন করে ৫টি ক্ষুদে আকারের বাংলা বাক্যে একটি ক্ষুদে বার্তা বা ই-মেইল/এস এম এস রচনা করতে হবে।<br>এর বিকল্পে যে কোনো এক প্রকার পত্র লিখতে হবে। | ১০ নম্বর |
| ৪। সারাংশ বা সারমর্ম থেকে ১টি প্রশ্ন থাকবে।<br>এর বিকল্পে ভাবসম্প্রসারণ থেকে ১টি প্রশ্ন থাকবে। যে কোনো ১টির উত্তর দিতে হবে। | ১০ নম্বর |
| ৫। কোনো একটি বিশেষ ঘটনা বা পরিস্থিতির আলোকে নাটকের সংলাপের আকারে সংলাপ বা কথোপকথন রচনা করতে হবে। এর বিকল্পে প্রশ্নে প্রদত্ত একটি গল্পের শিরোনাম বা দৃশ্যপট অবলম্বনে একটি ক্ষুদ্রে গল্প রচনা করতে হবে। | ১০ নম্বর |
| ৬। যে কোনো ৫টি বিষয়ের ১টি অবলম্বনে একটি প্রবন্ধ লিখতে হবে। (গতানুগতিক মুখস্থনির্ভর এবং তথ্য ভারাক্রান্ত প্রবন্ধের পরিবর্তে শিক্ষার্থীর সৃজনশীলতার প্রতিফলন ঘটবে এমন ধরনের প্রবন্ধ লিখতে হবে। | ২০ নম্বর |

https://teachingbd24.com